

সংখ্যা 29 AUG 1989

পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক খবর

২রা সেপ্টেম্বর শিক্ষা প্রতিষ্ঠানে সংগ্রামী ছাত্র জোটের ধর্মঘট আহ্বান

।। স্টাফ রিপোর্টার ।।

জাতীয়তাবাদী ছাত্রদল নেতা হাবিবুর
রহমান কবীরের হত্যাকাণ্ডের প্রতিবাদে
সংগ্রামী ছাত্র জোট আগামী ২রা
সেপ্টেম্বর দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে
ধর্মঘট আহ্বান করেছে।

কবীরের হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্র
জোটের উদ্যোগে গতকাল সোমবার মধুর
কেটিন প্রাঙ্গণে আয়োজিত সমাবেশে এ
ঘোষণা দেয়া হয়। সভায় বক্তব্য রাখেন
জোটনেতা আসাদুজ্জামান রিপন,
সাইফুদ্দিন আহমেদ মনি ও নাজিমুদ্দিন
শেখ পৃষ্ঠায় ৩য় কলামে

২রা সেপ্টেম্বর

প্রথম পৃষ্ঠার পর
আলম সভাপতিত্ব করেন বন্দকার
লুৎফর রহমান।

সভায় বৈরাচার, সাম্প্রদায়িকতা ও
আগ্রাসী শক্তির মোকাবেলায় সকল
জাতীয়তাবাদী শক্তিকে ঐক্যবদ্ধ হবার
আহ্বান জানিয়ে বলা হয়, সকল ধরনের
ফ্যাসিবাদের বিরুদ্ধে ছাত্র সমাজকে
ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে হবে।

সমাবেশের আগে এক বিক্ষোভ মিছিল
ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

শিবির কর্মী প্রহৃত

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল
আরো কয়েকজন ইসলামী ছাত্র শিবির
কর্মী প্রহৃত হয়েছে। বিভিন্ন স্থানে
প্রহৃতদের কোন পরিচয় জানা যায়নি।
তবে গতকাল আবু তাহের নামে একজন
শিবির কর্মী ঢাকা মেডিকেল কলেজ
হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা
নিয়মে বহলে জানা গেছে।

বাইশ সংগঠনের সভা

ছাত্রদল নেতা কবীরের ঋণে কেন্দ্রীয়
বাইশটি ছাত্র সংগঠন আজ মঙ্গলবার
সকাল দশটায় ঢাকা বিশ্ববিদ্যালয়
বটতলায় এক শোক সমাবেশ ও শোক
মিছিল করবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ বাইশ
দলীয় ছাত্র এক জাহাঙ্গীরনগর
বিশ্ববিদ্যালয়ের ছাত্র কবীরের মৃত্যুতে
গতকাল এক বিক্ষোভ মিছিল ও
শোকসভার আয়োজন করে। উক্ত
সমাবেশে সভাপতিত্ব করেন আবু সেলিম
চৌধুরী। বক্তব্য রাখেন জাতীয় ছাত্র লীগ
কলেজ শাখার সভাপতি মোহাম্মদ আলী
চৌধুরী মানিক, ছাত্র ফ্রন্টের জাকির
হোসেন ও ছাত্র ইউনিয়নের পথিক পাল।

132

(23)